

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
পূর্ব ইউরোপ ও সিআইএস অনুবিভাগ
ঢাকা

নং-১৯.০০.০০০০.৪৮৪.৬০.৬০২.১৯-৩৩৭

তারিখঃ ১২ জুলাই ২০২১

প্রেরকঃ মোসাঃ আশিফা আশরাফ
সহকারী সচিব (পূর্ব ইউরোপ ও সিআইএস)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপকঃ জনাব মোহাম্মদ শাহ দিদার আলম চৌধুরী
সাংবাদিক
দৈনিক বাংলাদেশ প্রতিদিন

বিষয়ঃ আগামী ১৫-১৬ জুলাই ২০২১ তারিখে তাসখন্দ, উজবেকিস্তান-এ অনুষ্ঠিতব্য "Central and South Asia: Regional Connectivity, Challenges and Opportunity" শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনে জনাব মোহাম্মদ শাহ দিদার আলম চৌধুরী, পরিচালক, সাংবাদিক, দৈনিক বাংলাদেশ প্রতিদিন, এর সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আগামী ১৫-১৬ জুলাই ২০২১ তারিখে তাসখন্দে অনুষ্ঠিতব্য "Central and South Asia: Regional Connectivity, Challenges and Opportunity" শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন-এ বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য আপনার অনুকূলে প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছে।

০২। এ প্রশাসনিক মঞ্জুরি নিম্নবর্ণিত শর্ত ও বিধি সাপেক্ষে প্রযোজ্য হবেঃ

ক) উপর্যুক্ত সভায় অংশগ্রহণকাল (ভ্রমণকাল, ট্রানজিটকালসহ) সরকারি কাজে কর্তব্যরত বলে গণ্য হবেন এবং বেতন ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।

খ) উপরিলিখিত সফরের ব্যয়ভার পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত থেকে নির্বাহ করা হবে।

গ) উপর্যুক্ত সভায় যোগদানের জন্য বর্ণিত কর্মকর্তা আগামী ১৪ জুলাই ২০২১ বা তার নিকটবর্তী তারিখে তাসখন্দ, উজবেকিস্তান, এর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ১৮ জুলাই ২০২১ বা তার নিকটবর্তী তারিখে বাংলাদেশে প্রত্যাবর্তন করবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার একান্ত,

(মোসাঃ আশিফা আশরাফ)

সহকারী সচিব (পূর্ব ইউরোপ ও সিআইএস)

ফোন-৯৫৮০০১৪

ইমেইলঃ aseencis@mofa.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

২। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

৩। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/সংস্থাপন/অর্থ/রাষ্ট্রাচার উপ-প্রধান (সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৪। সিঃ সহকারী সচিব/সহকারী সচিব (সংস্থাপন-১/বাজেট/তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৬। এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।

৭। বাংলাদেশ দূতাবাস, তাসখন্দ/ইস্তাম্বুল।

৮। অফিস কপি।

(মোসাঃ আশিফা আশরাফ)

সহকারী সচিব (পূর্ব ইউরোপ ও সিআইএস)